

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৪৮০

২৩/ বাণিজ্য ও উপার্জন

পরিচ্ছেদঃ ক্রয়-বিক্রয় ও লেনদেনের ক্ষেত্রে উদারতা দেখানো, উত্তমরূপে ঋণ পরিশোধ ও প্রাপ্য তলব করা, ওজন ও মাপে বেশি দেওয়ার মাহাত্ম্য, ওজন ও মাপে নেওয়ার সময় বেশী নেওয়া এবং দেওয়ার সময় কম দেওয়া নিষিদ্ধ এবং ধনী ঋণদাতার অভাবী ঋণগ্রহীতাকে (যথেষ্ট সময় পর্যন্ত) অবকাশ দেওয়া ও তার ঋণ মওকুফ করার ফ্যীলত

## আরবী

عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ شِبْلِ الْأَنْصَارِيِّ أَنَّ رَسُوْلَ اللهِ عَلَيْ قَالَ إِنَّ التُّجَّارَ هُمْ الْفُجَّارُ قَالَ رَجُلُ: يَا نَبِيَّ اللهِ أَلَمْ يُحِلَّ اللهُ الْبَيْعَ؟ قَالَ إِنَّهُمْ يَقُوْلُونَ فَيَكْذِبُونَ وَيَحْلِفُونَ وَيَأْتُمُونَ

## বাংলা

(২৪৮০) আব্দুর রহমান বিন শিবল (রাঃ) কর্তৃক বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ব্যবসায়ীরাই 'ফাজের' (পাপাচারী)। সাহাবাগণ বললেন, 'আল্লাহ কি ব্যবসাকে হালাল করেননি?' তিনি বললেন, অবশ্যই। কিন্তু তারা কসম করে পাপ করে এবং কথা বলতে মিথ্যা বলে।

## ফুটনোট

(আহমাদ ১৫৬৬৯, হাকেম ২১৪৫, সহীহ তারগীব ১৭৮৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু শিবল (রাঃ)

Solution United States (বিষয় আবদুর রহমান ইবনু শিবল (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন